গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৩৩ তম সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৬ জুন ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু জরেন । সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব সহকারী পরিচালক জনাব সালেহ্ উদ্দিন আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । সভাকে অবহিত করা হয় যে, বিগত সভায় ৭টি সুপারিশ গৃহীত হয়েছিল । গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় মেন্টর ও মেন্টিগণের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে ক) জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম, উপরিচালক(পরিকল্পনা) জানান যে, গোপালপুর, টাঙ্গাইল এর পাইলট বাস্তবায়ন শেষ পর্যায়ে আছে। যোগাযোগ করা সত্যেও মুন্সিগঞ্জ সদর হতে উপকরণ-১৩ পাওয়া যায়নি। খ) জনাব ফরহাত নূর, উপপরিচালক (বাস্তবায়ন) জানান যে, আমতলী, বরগুনা ও শেরপুর সদর এর প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। অন্যান্য মেন্টরগণের কাজের অগ্রগতি না থাকায় তারা এ বিষয়ে নিরব থাকেন।

২। সভাপতি বলেন যে, মেন্টরগণকে তাদের মেন্টিগণের মাধ্যমে কাজটি করিয়ে নেয়ার ব্যপারে প্রথমে নিজেকে সংকল্পবদ্ধ হতে হবে। স্ব স্ব মেন্টিগণের সাথে কার্যকর ও অব্যাহত যোগাযোগের মাধ্যমেই কেবল কাঙ্খিত ফল পাওয়া সম্ভব। কাজেই প্রচেষ্টা অব্যাহত রেখে দ্রুত ফল আনতে হবে। যে সকল মেন্টির নিকট হতে তথ্য পাওয়া গেছে সেগুলো পরিকল্পনা মাফিক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। যারা এখনও উপকরণ-১৩ পাঠায়নি তাদের সাথে কার্যকর যোগাযোগ করতে অনুরোধ জানানো হয় এবং মেন্টরগণকে অধিকতর সক্রিয় হয়ে কাজ করার পরামর্শ দেয়া হয়। ইনোভেশন টিমের সদস্য এবং মেন্টরগণকে সচেতন থাকতে হবে যে আগামী অর্থবছরের কর্মপরিকল্পনার পাইলট বাস্তবায়নকারীগণের ফলাফল নিয়ে ১টি শো-কেসিং অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা নেয়া হয়েছে। কাজেই প্রত্যেক মেন্টরের দায়িত্ব হবে এর পূর্বেই পাইলট বাস্তবায়ন শেষ করা।

৩। দীর্ঘ প্রতিক্ষারপর ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে একটি নীতি-২০১৮ প্রস্তুত ও অনুমোদনের কাজ শেষ করায় সভাপতি সহকারী পরিচালক ও সদস্য সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ কে সাধুবাদ জানান। সদস্য-সচিব সভাকে জানান যে, উক্ত খসড়া নীতি-২০১৮ সকলের অবগতির জন্য অধিদপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে।

৪। SIF Fund: জনাব খন্দকার রওনাকুল ইসলাম , সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, এ লক্ষ্যে প্রস্তুতকৃত ডেমোটি ভেন্ডর কর্তৃক ২য় বার প্রদর্শন করেছেন। প্রাপ্ত ত্রুটি সমূহ সংশোধনপূর্বক আগামী ১০ দিনের মধ্যে ভেন্ডর চূড়ান্ত সফটওয়ারটি সরবরাহ করবে।

৫। অধিদপ্তরের ২য় ই-সার্ভিস "যুব সংগঠন সমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার" অগ্রগতির বিষয়ে জনাব ফরহাত নূর, উপপরিচালক (বাস্তবায়ন) জানান যে, প্রস্তুতকৃত ডেমোটি ভেন্ডর কর্তৃক প্রদর্শন করেছেন। প্রাপ্ত ত্রুটি সমূহ সংশোধনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে ভেন্ডর চূড়ান্ত সফটওয়ারটি সরবরাহ করবে।

৬। অধিদপ্তরের ১ম ই-সার্ভিস বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় জনাব মোঃ হামিদুর রহমান, উপ-পরিচালক সভাকে জানান যে, অধিদপ্তরের ১ম ই-সার্ভিস "ঋণ সেবাকে ই-সেবায়" রূপান্তরের লক্ষ্যে প্রণীত সফটওয়্যারের মাধ্যমে ক) কুষ্টিয়ার কুমারখালীতে ২টি ঋণ অনুমোদন সভা অনুষ্ঠিত হয়েছে। প্রাপ্ত আবেদন সংখ্যা-৮৪টি, মঞ্জুরের সংখ্যা-২৭টি, মঞ্জুরের হার- ৩২%। খ) মানিকগঞ্জে এ পর্যন্ত ৩টি ঋণ অনুমোদন সভা অনুষ্ঠিত হয়েছে। ঋণ তহবিল স্বল্পতার কারণে সকলকে ঋণ দেয়া যাচ্ছে না। এলক্ষ্যে "অপেক্ষমান" নামে একটি ট্যাব সফটওয়্যারটিতে যুক্ত করার কাজ চলছে। তিনি আগামী বছরে ই-সেবা কার্যক্রমকে ২টি পাইলট উপজেলা হতে ২টি জেলার সকল উপজেলায় সম্প্রসারণ করার পরিকল্পনার কথা সভাকে অবহিত করেন।

৭। সভাপতি অধিদপ্তরের ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ খসড়া কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের লক্ষ্যে অদ্যকার সভায় মেন্টিদের সাথে সংযুক্ত খসড়া কর্মপরিকল্পনার মতামত/পরামর্শ/কামনা করেন । সদস্যগণ বিস্তারিত আলোচনার পর খসড়াটিকে সর্বসম্মতভাবে গ্রহণকরার সুপারিশ করেন। সভাপতি জানান যে, এ কমিটি কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনাটি অধিদপ্তরের সমন্বয় সভায় অনুমোদন স্বাপেক্ষে দৃঢ়করণ করা হবে। তিনি কর্মপরিকল্পনায় নির্দেশিত সম্মানীত সদস্যগণের যার যা করণীয় রয়েছে তা যথা সময়ে বাস্তবায়নের লক্ষ্যে বাজেট প্রস্তুত করতঃ আগামী ৩ দিনের মধ্যে সভাপতির নিকট পেশ করতে অনুরোধ জানানো হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

সুপারিশঃ

০১। সকল মেন্টরকে তাদের জন্য নির্ধারিত মেন্টরের কাজ দ্রুত সম্পন্ন করে শো-কেসিং এর জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে;

০২। আগামী বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্ব স্ব সদস্যের বাজেট বিভাজন পরবর্তী ৩ দিনের মধ্যে পেশ ;

০৩। প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা মাফিক প্রত্যেক সদস্যের বিবরণীতে প্রদর্শিত দায়িত্ব যথাযথ পালনে পূর্ব থেকেই প্রস্তুতি গ্রহণ এবং মাসিক সভায় অগ্রগতি উপস্থাপন :

০৪। প্রাপ্ত এস আই এফ ফান্ডের মাধ্যমে সংগ্রহযোগ্য সফটওয়্যার দ্রুত সংগ্রহ নিশ্চিত করতঃ সার্ভারে আপলোডের ব্যবস্থা করা ;

০৫। সোসাল মিডিয়ায় প্রচার এবং ভূক্তভোগীদের সমস্যা সমাধান বিষয়ক তথ্য প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরুপন করা;

০৬। ঋণের ১ম এবং ২য় ই-সার্ভিস প্রণয়নের লক্ষ্যে প্রাপ্ত সফটওয়্যার দুইটি কার্যক্রমের অগ্রগতি প্রতিমাসের সভায় পর্যালোচনা করা ;

০৭। প্রত্যেক সদস্য কর্তৃক নাগরীক সেবা সহজীকরণের লক্ষ্যে ৪টি সেবার নাম পেশ করার লক্ষ্যে ২য় বার সুপারিশ গ্রহণ;

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০২/০৭/১৮

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
এবং
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ৪২

তারিখঃ ০২/০৭/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি।

০২/০৭/২০১৮

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

৩১/০৫/২০১৮ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব এ কে এম মফিজুল ইসলাম উপপরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
২	জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম উপ-পরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৩	জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপ-পরিচালক (পরিকল্পনা)	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৭	জনাব ফরহাত নুর উপপরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৮	মোঃ ফজলুল হক সহকারী পরিচালক	স্বাক্ষরিত
৯	খন্দকার মোঃ রওনাকুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
১০	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত